জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প

জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে উপজেলার সীমান্ত ইউনিয়নের হলরুমে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈনের সভাপিেতেত্ব ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে রোগীদের চিকিৎসা প্রদান করেন ডা. আবু এহসান মো: ওয়াহেদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান, ইউপি সদস্য ইমাদ আলী, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী আশরাফুজ্জামান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন লিটন।

- জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় শ্রমিকলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

নানা আয়োজনে চুয়াডাঙ্গায় জাতীয় শ্রমিকলীগের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। সকালে জেলা আওয়ামীলীগের কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ এবং জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালনের আনুষ্ঠানিকতা শুরু করেন শ্রমিকলীগের নেতৃবৃন্দ।
পরে বেলা ১১টায় প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রা বের করা হয়। জেলা আওয়ামীলীগের কার্যালয় থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের প্রধান

প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। সেখানে প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা শ্রমিকলীগের সভাপতি আফজাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, শ্রমিকলীগের সহ-সভাপতি ইসলাম উদ্দীন ও সাধারণ সম্পাদক রিপন মন্ডল। এ সময় বক্তারা বলেন, বর্তমান সরকার শ্রমিক বান্ধব সরকার।

এ সরকারের গত ১০ বছরের শাসনামলে সারা দেশে শ্রমিকদের জীবন মানের ব্যাপক উন্নতি হয়েছে। দীর্ঘদিনের শ্রমিকদের নানা দাবি দাওয়াও পূরণ হয়েছে এ সরকারের মেয়াদেই।
আলোচনা সভা শেষে ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটেন শ্রমিকলীগের নেতৃবৃন্দরা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

জীবননগরে বিএনপি নেতার বাড়ি থেকে ১৩ জন জুয়ারি আটক

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপি নেতার বাড়িতে অভিযান চালিয়ে আন্তজেলা জুয়ারি চক্রের ১৩ জুয়ারিকে আটক করেছে পুলিশ।
শনিবার ভোররাতে উপজেলার রঘুনন্দপুর গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ি থেকে তাদেরকে আটক করা হয়। উদ্ধার করা হয়েছে জুয়ার নগদ ৪০ হাজার টাকা, তিনটি মোটরসাইকেল ও জুয়া খেলার নানা সরঞ্জাম।

গ্রেফতারকৃতরা হলো- জীবননগর উপজেলার লক্ষীপুর গ্রামের ব্রীজ পাড়ার আব্দল হালিম (৩৫), ইছাহক আলী (৩৪), আলামিন (৩৫), জামাল হোসেন (৩২), বাজার পাড়ার মুরাদ হোসেন (৪২), ওলিয়ার রহমান (৪০), নারায়রপুর গ্রামের লিটন (৩২),সোহাগ (২৮), জাহিদ (৩৮), দৌলৎগঞ্জ গ্রামের মানিক (৩০), প্রতাবপুর গ্রামের আলফাজ (৪০), পুরাতন

লক্ষীপুর গ্রামের আ: মান্নান (৪২) ও মহানগর উত্তর পাড়ার মিল্টন ড্রাইভার।
চুয়াডাঙ্গার সহকারী পুলিশ সুপার (এএসপি, দামুড়হুদা ও জীবননগর সার্কেল) আবু রাসেল অভিযানের সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, বাঁকা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেমের বাড়ির গরুর গোয়াল ঘর থেকে ওই ১৩ জুয়ারিকে আটক করা হয়েছে। তবে মূল হোতা বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমকে আটক করা সম্ভব হয়নি। তাকে আটকের প্রক্রিয়া চলছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর থানা পুলিশের বেশ কয়েকটি দল শুক্রবার রাতে অভিযান চালায় উপজেলার রঘুনন্দপুর গ্রামে। এ সময় ওই গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ির গোয়াল ঘরে অভিযান চালিয়ে আটক করা হয় ১৩ জুয়ারিকে। তাদের কাছ থেকে উদ্ধার হয় নগদ ৪০ হাজার টাকা, ৩টি মটর সাইকেল ও জুয়া খেলার নানান সরঞ্জাম। সকালে এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে একটি মামলা দায়ের করা হয়েছে। শনিবার দুপুরে আটককৃত ১৩ জুয়ারিকে আদালতে সোর্পদ করা হয়েছে বলেও জানান জীবননগর থানা পুলিশ।

জীবননগর প্রতিনিধি:

আলমডাঙ্গায় কৃষকের ঘর ভাংচুর, হুমকি

আলমডাঙ্গার জোড়গাছা গ্রামের দরিদ্র কৃষক জিন্নাত আলীর টিনের একটি ঘর ভেঙে তান্ডব চালিয়েছে এলাকার কয়েকজন প্রভাবশালি। ঘরে থাকা কৃষি পণ্য লুটপাট ও তছনছ করা হয়েছে। ঘরের টিন ফেলে রাখা হয়েছে ছড়িয়ে-ছিটিয়ে। বর্তমানে বিভিন্নভাবে হুমকিও দেওয়া হচ্ছে। প্রভাবশালিদের ভয়ে এলাকার মানুষ মুখ খুলতে সাহস পাচ্ছে না।

জানা গেছে, গ্রামের মৃত শুকুর আলীর ছেলে জিন্নাত আলী কৃষিকাজ করেন। বাড়ির পাশে একটি টিনের ঘরে কৃষিপণ্য ও সরঞ্জাম রাখেন। গ্রামের মোজাহার মন্ডলের ছেলে গোলবার হোসেন ও তার

সাঙ্গপাঙ্গরা সম্প্রতি এক রাতে জিন্নাত আলীর কৃষিপণ্য রাখার টিনের ঘরটি ভেঙে দেয়। ঘর ভেঙেই নিশ্চুপ থাকেনি গোলবার। জিন্নাত আলীকে হুমকিও দেওয়া হচ্ছে। ভয়ে জিন্নাত আলী তার ঘর নতুন করে মেরামতও করতে পারছেন না।
জিন্নাত আলী জানান, গ্রামের গোলবার হোসেনের নির্দেশে তার সাঙ্গপাঙ্গ একই গ্রামের ইজাজুল, আজিজুল, ফিরু, হেবা, মিনারুল, ইকরামুল, চায়না, নাজমুল, মিরাজুল, লন্ডন, লালমিয়া, দুলাল ও নূরনাহার তার ভেঙে দেয়।

ঘটনার বিষয়ে ঘোলদাড়ি ক্যাম্পের দায়িত্বরত ইনচার্জ এএসআই রাজু আহমেদ বলেন, ঘটনা শোনার পর তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি বলেন, বিষয়টি নিয়ে খোঁজখবর নেওয়া হচ্ছে। স্থানীয়ভাবে দুপক্ষকে নিয়ে মিমাংসা করা যায় কিনা সেটাও চেস্টা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে চুয়াডাঙ্গায় গৃহবধূ নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার ছোটশলুয়া গ্রামে বৃষ্টি খাতুন (২৪) নামের এক গৃহবধূ বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত হয়েছেন। নিহত বৃষ্টি খাতুন উপজেলার ছোটশলুয়া গ্রামের প্রবাসী রিপন মন্ডলের ছেলে। গতকাল শুক্রবার দুপুরে এ ঘটনা ঘটে।

নিহতের ভাই সজল জানান, দুপুরে তার বোন বৃষ্টি খাতুন গরুর গোয়ালে মোটর দিয়ে পানি তুলতে যান। এ সময় অসাবধানতাবশত পানির মোটরে হাত দিলে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মাটিতে পড়েন।
পরে প্রতিবেশীরা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক ডা. শামিমা খাতুন তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি :

জীবননগরে পূজা উপলক্ষে বিজিবি’র-বিএসএফকে ফুল ও মিষ্টি উপহার

হিন্দু ধর্মাম্বলবীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দূর্গাপূজা। জীবননগরে বিজিবির ৫৮ ব্যাটালিয়ন অধিনায়ক কতৃক শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে বিএসএফ ব্যাটালিয়ন ক্যাম্পকে ফুলের শুভেচ্ছা ও তাদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ খালিশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর পক্ষ থেকে অধিনায়ক লেঃ কর্নেল কামরুল আহসান শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে প্রতিপক্ষ ০৩টি বিএসএফ ব্যাটালিয়ন ও ২৮টি বিএসএফ ক্যাম্পে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও মিষ্টি প্রদান করেন।

জীবননগর প্রতিনিধি:

আলমডাঙ্গায় বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সংবাদ সম্মেলন

আলমডাঙ্গায় শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনে করেছেন। চুয়াডাঙ্গা জেলা ট্রাক- ট্রাক লরি-কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়নের ৯৫৭ আলমডাঙ্গা শাখার অবৈধ ইউনিয়নের নামধারী শ্রমিক কর্তৃক ১৮৯৫ এবং ৫৯৫ শ্রমিকদের উপর হামলার প্রতিবাদে এ মঙ্গলবার বেলা ১১টার দিকে শ্রমিক ইউনিয়নের অফিসে এ সাংবাদিক সম্মেলন করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক-সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের আলমডাঙ্গা

শাখার সভাপতি লিখিত এ সংবাদ সম্মেলনে উল্লেখ করেন, গত ৫ অক্টেবর চুয়াডাঙ্গা জেলা ট্রাক- ট্রাক সলরি-কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়নের আলমডাঙ্গা শাখা ৯৫৭ অবৈধ শ্রমিক ইিিউনয়রের কমিটি ঘোষনা করেছে।

তারা লাল ব্রীজের নিকট একটি অফিস করেছে। তাদের কমিটিতে অধিকাংশই নামধারী শ্রমিক। যা ৬অক্টেবর পত্রিকায় প্রকাশিত হয়েছে। আমাদের ৫৯৫’র ৭জন সদস্য নাম ওই অবৈধ কমিটি রাখে। ৫৯৫ এর ৭ জন সদস্যই অবৈধ ওই কমিটি থেকে পদত্যাগ করেছে। গত ৬ অক্টোবর নামধারী কমিটির লোকজন দেশীয় অস্ত্র নিয়ে ১৮৯৫ এবং ৫৯৫’র সদস্যদের উপর হামলা করে। পরে আলমডাঙ্গা থানা পুলিশ উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করে।

এসব অবৈধ শ্রমিক যে কোন সময় হামলা করতে পারে। পরিবহণ শ্রমিকদের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে। ভবিষৎতে ট্রাক ও পরিবহনে চাঁদাবাজী করার জন্য তারা ওই নামধারী শ্রমিক দিয়ে অবৈধ কমিটি
(৯৫৭) রেজিঃ নং সাইন বোর্ড উত্তোলন করেছে।

আমরা আলমডাঙ্গা থানা মটর শ্রমিকের পক্ষ থেকে জোর দাবী জানাচ্ছি ওই কমিটি বিলুপ্ত করে নামধারী শ্রমিকদের সাইন বোর্ডটি অপসারণ করা হোউক। যদি দাবী না মানা হয়, তারা যদি পূনরায় আমাদের সাংগঠনিক কার্য্যকলাপে বাধা প্রদান করে শ্রমিকদের উপর হামলা করে তাহলে আমরা কর্ম বিরতিতে যেতে বাধ্য থাকবো। শ্রমিক নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন। আলমডাঙ্গা

জীবননগরে কোটি টাকা হাতিয়ে লাপাত্তা আদম ব্যাপারী মাসুদ

চুয়াডাঙ্গা জেলার জীবননগরে ভালো কাজের প্রলোভন দেখিয়ে ইরাক সহ বিভিন্ন দেশে পাঠানোর নাম করে ভুয়া ভিসা দিয়ে কোটি কোটি টাকা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে মাসুদ রানার বিরুদ্ধে। অভিযুক্ত মাসুদ রানা জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামের মমিন উদ্দিনের ছেলে।

ভুক্ত ভোগীদের পরিবার সুত্রে জানা গেছে, গত ১৮-১-১৯ইং তারিখে জীবননগর পৌর শহরের হাইস্কুল পাড়ার আজাদ হোসেনের ছেলে আকমল সাঈদকে ইরাকে ভালো কাজ দেওয়ার নাম করে তার নিকট থেকে ৪ লক্ষ টাকা হাতিয়ে নেওয় হয়। পরবর্তীতে তাকে ইরাকে পাঠানো হলেও ইমিগ্রেশন সংক্রান্ত্রে কাগজপত্রে ত্রুটি থাকায় তাকে দুই মাস কোন কাজ কর্ম না দিয়ে একটি ঘরের মধ্যে আটকে রাখা হয়।

গত ১৮ ই আগস্ট ভুয়া কাগজপত্রে অবৈধ ভাবে ইরাকে প্রবেশ করায় ইরাকের পুলিশ তাকে আটক করে । সেই থেকে এ পর্যন্ত আটক আছে ওই যুবক।
এ দিকে আকমল সাঈদের বাবা আজাদ হোসেন বাদি হয়ে মাসুদ রানার বিরুদ্ধে গত ৫ সেপ্টম্বর জীবননগর থানায় একটি মামলা দায়ের করে, যার মামলা নং-৪। এ দিকে একই অভিযোগ করেন উপজেলার ডুমুরিয়া গ্রামের বকুলের ছেলে সোহেল ও আরিফ।

তথ্যনুসন্ধানে জানা গেছে, মাসুদ রানা ও তার বাবা মমিন উদ্দিন এবং স্থানীয় এক ভূয়া সাংবাদিক ক্রাইম রিপোর্টার পরিচয় দানকারীর মাধ্যমে এলাকার বেশ কিছু বেকার যুবকদের বিদেশে ভালো কাজের প্রলোভন দেখিয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নিয়ে নিজে আলীসান বাড়ি আর আলীসান জীবন-যাপন করলেও,মানবতা ও হতাশার মধ্যে জীবন-যাপন করছেন বেকার যুবকরা।

এমন কি নিশ্ব¦ হয়ে পড়েছেন ভুক্তভোগী অসহায় পরিবারের সদস্যরা। এ বিষয়ে মাসুদ রানা বলেন, আমি বিদেশে পাঠানোর নাম করে যে টাকা নিয়েছি তা ঠিক, তাদের তো ইরাকে পাঠিয়েছি তবে সাময়িক সমস্যা হয়েছে তা সমাধান করেছি। উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম বলেন, মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নাম করে টাকা আত্মসাৎ এর একাধিক অভিযোগ রয়েছে।

কিন্তু বিচারের দিন এলেই সে এলাকা থেকে পালিয়ে যায়। জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়া বলেন মাসুদ রানার বিরুদ্ধে বিদেশে নিয়ে যাওয়ার নামে টাকা নেওয়ার একটা মামলা হয়েছে। তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর প্রতিনিধি:

জীবননগরে আওয়ামীলীগ নেতা রবি ইন্তেকাল : বিভিন্ন মহলে শোক

জীবননগর প্রতিনিধি:
চুয়াডাঙ্গার জীবননগরে আওয়ামীলীগ নেতা রবিউল ইসলাম ইন্তকাল করেছে। গত বৃহস্পতিবার রাতে নিজ বাড়ি আন্দুলবাড়িয়া ইউনিয়নরে কুলতলা গ্রামে ইন্তেকাল করেন ।

গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় কুলতলা গ্রামের ঈদগা মাঠে নামাজের জানাযা শেষে তাকে দাফন করা হয়।

মরহুমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংষদ সদস্য হাজী আলী আজগার টগর,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমনা,উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,পৌর আওয়ামীলীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,বন্ধু রক্তদান কেন্দ্রের সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ প্রমুখ।

জীবননগরে ২৪০ বোতল ফেন্সিডিল সহ আটক-৪

চুয়াডাঙ্গার জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ৪ মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৭টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়ার র্নিদেশে জীবননগর থানার এস আই সিরাজুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর হাইস্কুলের

সামনে কে,জি,এন পরিবহনে তল্লাশী করে ২৪০ বোতল ফেন্সিডিলসহ ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার নেপারমোড় কুল্লপাড়া গ্রামের মফিজুল ইসলামের ছেলে ইমন(১৮) আঃ সামাদের ছেলে বকুল (২০)একই উপজেলার মাইলবাড়িয়া মাঝের পাড়ার রেজাউল মন্ডলের ছেলে মন্টু মিয়া
(২৩) এবং নুর হোসেনের ছেলে আসমাউল হোসেনকে (১৮) আটক করে পুলিশ ।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।

জীবননগর প্রতিনিধি: